839 I 789 1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

[illegible] under Rule 21 B u/s 5 (1) of W. B. L. R. Act. 1951 duly stamped under the Indian stamp Act. 1899 Subsequently ammended schedule I A. No. 33

Fees Paid 14.00

'' দা ন প ত্র দ লি ল ''

আনুমানিক মূল্য ১০,০০০ দশ হাজার টাকা

দানপত্র গ্রহিতা :-

১। শ্রী নরনারায়ন চক্রবর্ত্তী , ২। শ্রী যুগান্তর চক্রবর্ত্তী , উভয়ের পিতা মৃত মহিম চন্দ্র চক্রবর্ত্তী , জাতিয়তায় - ভারতীয় , ধর্ম্মে -সনাতন , পেশা - চাকুরী , সর্ব সাং - মাসুন্দা , পোঃ নব বারাকপুর , থানা - খড়দহ , জেলা - উত্তর ২৪ পরগণা ।

দানপত্র দাত্রী :-

শ্রী মতী মহামায়া দেবী , স্বামী মৃত মহিম চন্দ্র চক্রবর্ত্তী , জাতিয়তায় - ভারতীয় ; ধর্ম্মে - সনাতন , পেশা - গৃহস্থালী , সাং মাসুন্দা , পোঃ নব বারাকপুর , থানা - খড়দহ, জেলা - উত্তর ২৪ পরগণা ।

রায়ত দখলী সূত্র বিশিষ্ট বাস্ত সম্পত্তির দানপত্র দলিল :-

জেলা উত্তর ২৪ পরগণার , থানা খড়দহ , অতিরিক্ত জেলা অবর নিবন্ধন অফিস বারাকপুর , পরগণা কলিকাতা , জে:এল: নং ৩৪ , রে:সা: নং ৯৬ , তৌজি নং হাল ৭ , মৌজা মুসুন্দা গ্রামে এল.আর. জরীপের ১৭২৩ নং খতিয়ান ভুক্ত এল.আর. ২৩৮৯ নং দাগে ০৮ শতক বাস্ত সম্পত্তি আমি অত্র দাত্রী নব বারাকপুর কো:অপারেটিভ হোমস লি:-এর নিকট হইতে প্রাপ্ত হইয়া তথায় গৃহাদি নির্মান করত: এল.আর. জরীপে আমার নাম বরাবর রেকর্ড লিপিবদ্ধ করত: ভোগ দখলে বিদ্যমান আছি ।

এক্ষনে অত্র গ্রহিতাদ্বয় আমার পুত্র হইতেছ । জন্মের পর হইতে তোমাদিগকে আমি মাতৃস্নেহে মায়া মমতার দ্বারা লালন পালন করিয়াছি । তোমাদের প্রতি আমার মায়া মমতা পূর্ণ রূপে বিদ্যমান আছে । তোমরাও অনুরূপ ভাবে ভক্তি শ্রদ্ধা সহযোগে আমাকে ভরণপোষণ করিয়া আসিতেছ । তোমাদের উক্ত রূপ ভক্তি শ্রদ্ধায় সেবা যত্নে আমি অত্যন্ত প্রীত । সেকারণ মায়া মমতা ও স্নেহের নিদর্শন স্বরূপ আমার জীবদ্দশায় তোমাদিগকে কিছু দান করিয়া যাওয়া একান্ত কর্ত্তব্য বলিয়া বিবেচনা করি । আমার নিকটে নগদ কোন টাকা পয়সা বা অলংকারাদি না থাকায় ফলে আমার স্বত্ব দখলীয় নিম্ন তপশীলবর্ণিত সম্পত্তি মায় গৃহ যাহা প্রত্যেকের ৫০০০ পাঁচ হাজার টাকা হিসাবে ১০,০০০ দশ হাজার টাকা বাজার মূল্য হইবে তাহা তোমাদিগকে দান পত্র দলিল বলে দান করিতে চাহিলে তোমরা তাহা গ্রহন করিতে সম্মত হওয়ায় অদ্যকার তারিখে অত্র দলিলে লিখিত সম্পত্তি মায় গৃহাদি দান করিয়া উক্ত সম্পত্তি হইতে এককালীন চির নি:স্বত্ববতী ও দখলচ্যুত হইয়া এবং উত্তর দখল প্রদানে স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে , তোমরা অত্র গ্রহিতাদ্বয় অদ্যকার তারিখ-এর অত্র দলিল বলে আমার

ঈশ্বর



হকে হকদার , দখলে দখলকার হইয়া মালিক সেরেস্তায় ট্যাক্স ও কর প্রদানে আমার স্থলে তোমাদের স্ব স্ব প্রাপ্ত সম্পত্তির নাম পত্তন করত: যাবতীয় প্রকারের হস্তান্তর করিবার ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাক । তাহাতে ভবিষ্যতে উক্ত সম্পত্তি মায় গৃহ সম্পর্কে আমি কিম্বা আমার অপর কোন ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণ কেহ কখনও কোন প্রকারের ওজর আপত্তি দাবী দাওয়া করি কিম্বা করেন তাহা হইলে তাহা সর্বদা সর্ব আদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া পরিগনিত হইবে । দান কৃত সম্পত্তি সম্পূর্ণ নিদ্দায় নির্দ্দোষ ও মুক্তাবস্থায় আছে । উহা আমি ইতিপূর্বে কোন প্রকারের হস্তান্তর করি নাই বা কোন প্রকারের চার্জ যুক্ত স্বত্ব নহে কিম্বা আদালতের বিষয়কৃত স্বত্ব নহে । কিম্বা উক্ত সম্পত্তি প:ব: সরকারের ভূমি অধিকার দপ্তর কর্তৃক ভূমি অধিগ্রহন আইন অনুসারে অধিগৃহীত হয় নাই ।

এতদার্থে সুস্থ শরীরে সুজ্ঞানে অন্যের বিনানুরোধে অত্র দান পত্র দলিলের মর্ম সমূহ সম্যক রূপে অবগত হইয়া অত্র দানপত্র দলিলে নিজ নাম স্বাক্ষর করিলাম । ইতি তাং সন ১৩৯৮।১৯শে মাঘ , ইং ৩।২।১৯৯২ ।

দানকৃত সম্পত্তির তপশীল পরিচয়

(ক) দফা : যাহা ১ নং গ্রহিতা নরনারায়ন চক্রবর্ত্তী প্রাপ্ত হইল ।

জেলা উত্তর ২৪ পরগণা , থানা খড়দহ , অতিরিক্ত জেলা অবর নিবন্ধন অফিস

Adv.

বারাকপুর , পরগণা কলিকাতা , হাল তৌজি নং ৭ , জে:এল: নং ৩৪ , রে:সা: নং ৯৬ , মৌজা মুসুন্দা গ্রামে বর্তমান মালিক প:ব: রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলার সমাহর্তা মহোদয় অধিকারে রায়ত দখলী সত্ব বিশিষ্ট বাস্ত সম্পত্তির এল.আর. জরীপের ১৭২৩ নং খতিয়ান ভুক্ত :-

আর এস ৩৩৯/২৪৫৭ ও ৩৩৯/২৪৫৮ তথা এল.আর. জরীপের ২৩৮৯ দুই হাজার তিন শত উননব্বই নং দাগে বাস্ত ০৮ শতক বা কমবেশী ৫ কাঠা সম্পত্তির মধ্য হইতে 'এ' চিহ্নিত প্লট ভুক্ত ২ দুই কাঠা ৮ আট ছটাক বাস্ত সম্পত্তি মায় তদুপরিস্থিত টালির ঘর অত্র ১ নং গ্রহিতার সত্ব বটে । উক্ত সম্পত্তি নববারাকপুর পৌর সভার ৮ নং ওয়ার্ডের ২৪১ নং হোল্ডিং ভুক্ত ।

চৌ হ দ্দী

উত্তরে : 'বি' প্লট , দক্ষিনে : বিজন প্রসাদ দত্ত ,

পূর্বে : মিউনিসিপ্যাল রোড , পশ্চিমে : বিরেশ্বর গাঙ্গুলী ।

(খ) দফা : যাহা ২ নং গ্রহিতা যুগান্তর চক্রবর্ত্তী প্রাপ্ত হইল

জেলা উত্তর ২৪ পরগণা , থানা খড়দহ , অতিরিক্ত জেলা অবর নিবন্ধন অফিস বারাকপুর ,পরগণা কলিকাতা , হাল তৌজি নং ৭ , রে:সা: নং ৯৬ , জে:এল: নং ৩৪ , মৌজা মুসুন্দা গ্রামে হাল মালিক প:ব: রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলার সমাহর্তা মহোদয় অধিকারে রায়ত দখলী সত্ব বিশিষ্ট বাস্ত সম্পত্তির এল.আর. জরীপের ১৭২৩ নং খতিয়ান ভুক্ত :-

আর এস $\frac{৩৩৯}{২৪৫৭}$ ও $\frac{৩৩৯}{২৪৫৮}$ তথা এল.আর. জরীপের ২৩৮৯ দুই হাজার তিন শত

উননব্বই দাগে বাস্তু ০৮ শতক বা কমবেশী ৫ কাঠা সম্পত্তির মধ্য হইতে

'বি' চিহ্নিত প্লটে ২ দুই কাঠা ৮ আট ছটাক বাস্তু সম্পত্তি মায় তদ্‌পরিস্থিত

টালির ঘর অত্র ২ নং গ্রহিতার স্বত্ব বটে । উক্ত সম্পত্তি নব বারাকপুর পৌর

সভার ৮ নং ওয়ার্ডের ২৪১ নং ~~[illegible]~~ হোল্ডিং ভুক্ত ।

## চৌহদ্দী

উত্তরে : জি এন চক্রবর্ত্তী ,    দক্ষিনে : 'এ' নং প্লট

পূর্বে : মিউনিসিপ্যাল রোড ,    পশ্চিমে : বীরেশ্বর গাঙ্গুলী ।

মোসাবিদাকারক:

A.T.M. Modassar Hossain

(এ.টি.এম. মোদাচ্ছের হোসেন )

এ্যাডভোকেট

ই: নং ৪৯৫ । ৭৩

ইসাদী :

1. Abul Kashem Khan
of South Koulalia
24 Pargs (north)

2. Chandan Chakravarty.
New Barrackpur.
West of jhill no-1.
24 Pgs (N).

টাইপকারক:

(গোবিন্দ পাল )

বারাসাত কোর্ট ।


... PLAN AT MOUZA-MASUNDA, JL NO-24, RS NO-96, L.R D...
2... R.S. DAG NO-339/2458, KHATIAN NO-1723, WARD NO-8, HO...
24... UNDER NEW BARRACKPUR MUNICIPALITY, PS-KHARDAH, DIST-NORTH 24...

SCALE-20'-0"=1"

DONOR—SMT MAHAMAYA DEBI
W/O LATE MAHIM CHANDRA CHAKRA...

LAND PROPOSED TO BE TRANSFERED TO:—

| NAME OF PROPOSED DONEE | PLOT | AREA OF LAND |
|---|---|---|
| SRI NARANARAYAN-CHAKRABORTY (S/O LATE MAHIM-CHANDRA CHAKRABORTY) | A | 1800 SFT (2KH-8CH) |
| SRI JUGANTAR CHAKRABORTY (S/O LATE MAHIM CHADRA CHAKRABORTY | B | 1800 SFT (2KH-8CH) — |




মহামায়া দেবী
SIGNATURE OF DONOR

R. Majumder
L.C.E.